# বার্ষিক প্রতিবেদন




# ২০১৭ ইং

---

## প্রতিবেদন প্রনয়নে

**প্রধান অফিস**

অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট (ওআরএ)

জেমিনি টেক্সটাইল রোড, গাইটাল, কিশোরগঞ্জ-২৩০০

মোবা: ০১৭১১৬২২৬০৯,০১৭১৫৩৮৯৬৩৮

**ঢাকা অফিস**

অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট (ওআরএ)

ফ্লাট নং সিডি-৩ , ক্যাসিরো মোহনা

৭৫, পশ্চিম ধানমন্ডী-মোহাম্মদপুর,ঢাকা-১২০৭

ফোন: ৯১২৯৪১০. মোবা: ০১৭১১৬২২৬০৯, ০১৫৫২৩৮৮০৭৫

Email: oradhakaora @yahoo.com

# ভূমিকা

হাওর বাওরের অঞ্চল কিশোরগঞ্জ জেলা। সারা দেশের ন্যায় এখানেও রয়েছে বেকারত্ব,অন্ন, বস্ত্র, শিক্ষা, চিকিৎসা ও বাসস্থানের অভাব। এ সকল বিবিধ সমস্যা সমাধান করে তাদের উন্নয়ন কল্পে অর্গনাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেনট **(ওআরএ)** সংস্থাটি ১৯৮৮ সালের ১লা জুন থেকে কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলার রামনগর গ্রামে প্রতিষ্ঠা লাভ করে। হাজারো সমস্যাযুক্ত দরিদ্র মানুষের সমস্যা সমাধান করা ও,আর,এ এর একার পক্ষে সম্ভব নহে। ওআরএ জন্ম লগ্ন থেকে দরিদ্র মানুষের দারিদ্রতা বিমোচনের লক্ষ্যে সমস্যা সমাধানের কৌশলগুলো বাতলিয়ে সে মোতাবেক কাজ করার প্রয়াস চালিয়ে যাচেছ। কিন্তু প্রকৃত পক্ষ্যে গরীব মানুষের উন্নয়ন বিভিন্ন কারণে বাধাগ্রস্ত হচ্ছে। তবে ওআরএ-এর নূন্যতম অভিজ্ঞতা থেকে এ উপলব্ধি হয়েছে যে যাদের জন্য উন্নয়ন তাদেরকে যদি বিশ্লেষনমুখী সচেতন করে উদ্বোদ্ধ করা যায় তাহলে হয়ত বা কাজগুলো টেকসই হবে। এ প্রেরণা থেকে ২০০৬ ইং থেকে ওআরএ-এর প্রতিটি কর্মসূচীই Community Led Approach-এ করার জন্য কর্মী বাহিনীকে তৈরী করা হচ্ছে। আশা করা যায় ভবিষ্যতে কাজের টেকসই ও গ্রহন যোগ্যতা অনেকাংশে বৃদ্ধি পাবে।

ও,আর,এ বর্তমানে বিভিন্ন দাতা ও সহযোগী সংস্থা সহ উপকারভেগীদের আর্থিক ও কারিগরী সহযোগিতায় বিভিন্ন উন্নয়ন মূলক কর্মসুচী চালিয়ে যাচেছ। এ প্রতিবেদনে ও,আর,এ এর কার্যক্রমের কিছুটা হলেও প্রতিফলন ঘটবে।

এই রিপোর্ট তৈরীতে যারা সহযোগিতা করেছেন তাদের সবাইকে জানাই আন্তরিক ধন্যবাদ। প্রতিবেদনের মাঝে কোন ভূল ত্রুটি পরিলক্ষিত হলে তা ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখে ভবিষ্যৎতে শুধরানোর জন্য পরামর্শ প্রদান করলে কৃতজ্ঞ থাকব।

শুভেচছান্তে,
এ্যাড. ফকির মোঃ মাজহারুল ইসলাম
নির্বাহী পরিচালক
ও,আর,এ, কিশোরগঞ্জ।

# অফিস পরিচিতি

| প্রধান অফিস ঃ | ঢাকা লিয়াজো অফিস: |
|---|---|
| অর্গানাইজেশন ফর রুরাল এডভান্সমেন্ট (ও.আর.এ)<br>জেমিনী টেক্সটাইল রোড, গাইটাল, কিশোরগঞ্জ<br>মোবাইল ঃ ০১৭১১৬২২৬০৯,০১৭১৫৩৮৯৬৩৮<br>ইমেইল: oradhakaora @ yahoo.com | অর্গানাইজেশন ফর রুরাল এডভান্সমেন্ট (ও.আর.এ)<br>ফ্লাট নং সিডি-৩ , ক্যাসিরো মোহনা ,৭৫, পশ্চিম ধানমন্ডী<br>মোহাম্মদপুর,ঢাকা-১২০৭ ফোন: ০২- ৯১২৯৪১০<br>০১৭১১৬২২৬০৯, ০১৫৫২৩৮৮০৭৫<br>ইমেইল: oradhakaora @ yahoo.com |

**শাখা অফিস**

| ও,আর,এ-করিমগঞ্জ শাখা | ওআরএ- নানশ্রী শাখা |
|---|---|
| নয়াকান্দি,করিমগঞ্জ, কিশোরগঞ্জ।<br>ক্ষুদ্র ঋন, স্বাস্থ্যও পুষ্টি, শিক্ষা, এবং গৃহায়ন কর্মসুচী<br>০১৭১২-১৫৩০৫৭,০১৭১৪৫৮৩৯৫৩<br>ইমেইল: oradhakaora@yahoo.com | গ্রাম: নানশ্রী, পো: নানশ্রী,করিমগঞ্জ, কিশোরগঞ্জ<br>ক্ষুদ্র ঋণ , প্রাথমিক শিক্ষা ও দাতব্য চিকিৎসা<br>০১৭২৮৩৩৩৫২৫, ০১৭১৪৫৮৩৯৫৩<br>ইমেইল: oradhakaora @ yahoo.com |

## ভূমিকা:

অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট (ও,আর,এ) একটি সমাজ সেবা মুলক প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের আত্নপ্রকাশ ১৯৮৮ সালের ১ লা জুন কিশোরগঞ্জ জেলার অর্ন্তগত করিমগঞ্জ উপজেলার জয়কা ইউনিয়নের রামনগর নামক অবহেলিত এক নির্ভৃত পল্লীতে। এর উদ্যোগতা এবং প্রতিষ্ঠাতা হলেন এ্যাড. ফকির মো: মাজহারুল ইসলাম। শুরুতে অর্গানাইজেশন ফর রুরাল ডেভেলপমেন্ট (ও,আর,ডি) নামে ইহা দেশের বৃহত্তর জনগোষ্ঠী যারা সমাজে অবহেলিত, জীবন যাত্রা সাধারন মানের নীচে অবস্থান করছে তাদের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে ১৪ এপ্রিল ১৯৯১ ইং তারিখ সমাজসেবা বিভাগ ময়মনসিংহ কর্তৃক নিবন্ধীকৃত হয়ে অদ্যবদি কিশোরগঞ্জ জেলা সহ দেশের বিভিন্ন জেলায় কাজ করে যাচ্ছে। নিম্নে সংস্থাটির নিবন্ধন সংক্রান্ত তথ্য দেয়া হলো:

| ক্রমিক নং | নিবন্ধনকারী কর্তৃপক্ষের নাম | নিবন্ধন নং | নিবন্ধনের তারিখ |
|---|---|---|---|
| ০১ | সমাজ সেবা অধিদপ্তর | কিশোর-০১৬৫ | ১৪-০৪-১৯৯১ ইং |
| ০২ | এনজিও বিষয়ক ব্যুরো | এফডি-৮২৮ | ০৯-০৫-১৯৯৪ ইং |
| ০৩ | পরিবার পরিকল্পনা অধিদপ্তর | ২০২/ ২০০৬ | ২৩-০৫-২০০৬ ইং |
| ০৪ | মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি | ০৪১২১-০১৩৭০-০০১৮৭ | ২৫-০৩-২০০৮ ইং |
| ০৫ | যুব উন্নয়ন অধিদপ্তর | কিশোরগঞ্জ-০১৬৫, করিমগঞ্জ-২০ | ২৭-১০-২০১৬ ইং |

## সংস্থার লক্ষ্য :

সমাজে পিছিয়ে পড়া দরিদ্র অবহেলিত পুরুষ ও মহিলা জনগোষ্ঠীর আর্থ সামাজিক অবস্থার উন্নয়ণ।

## সংস্থার ভিশন :

স্থানীয় এবং বহিরাগত সম্পদ বিশেষ করে মানব, কৃষি, পশু ও পানি সম্পদের মত আরও কিছু সম্পদ সমাবেশীকরনের মাধ্যমে প্রকল্প এলাকাস্থ দুস্থ, গরীব, ক্ষমতা বঞ্চিত গ্রামীন এবং শহরের পুরুষ ও মহিলাদের জীবনের মান উন্নয়ন করে সমাজে তাদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠা করা।

### বর্তমান কর্মসূচী :

- দল গঠন ও সঞ্চয় তহবিল গঠন।
- ঋনদান এবং আয় ও কর্মসংস্থান সৃষ্টি।
- আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা।
- নিরাপদ পানি ও স্বাস্থ্য সম্মত পায়খানা বিতরন।
- দাতব্য চিকিৎসালয় পরিচালন।
- প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং আয় বর্দ্ধন কর্মসূচী ।
- স্বল্প আয়ের মানুষের জন্য গৃহায়ন কর্মসূচী ।
- শিশু অধীকার সংরক্ষন / শিক্ষা সংক্রান্ত সেমিনার/কর্মশালা করা।
- কৃষি, পশু ও মৎস সম্পদের উন্নয়ন।
- প্রশিক্ষন (সাধারন ও কারিগরি)।

### মোট লক্ষিত জনগোষ্ঠী:

| কর্মসুচীর ধরন | দলের সংখ্যা | পরিারের সংখ্যা | লক্ষিত জনগোষ্ঠী |
|---|---|---|---|
| ক্ষুদ্র ঋন কর্মসুচী | ১৬৭ | ১৬৭ | ৮৩৫ |
| সমন্বিত উন্নয়ন কর্মসূচী | - | ১৫৫০ | ৭৭৫০ |
| মোট | ১৬৭ | ১৭১৭ | ৮৫৮৫ |

### প্রকল্প ভিত্তিক কর্মীর বিবরন :

| ক্র:নং | কর্মসূচীর নাম | নিয়মিত কর্মী | | | প্রকল্প কর্মী | | | সর্ব মোট | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পু: | ম: | মোট | পু: | ম: | মোট | পু: | মহিলা | মোট |
| ০১ | দল গঠন ও ঋন দান কর্মসূচী | ০৩ | ০৫ | ০৮ | - | - | - | ০৩ | ০৫ | ০৮ |
| ০২ | ওয়াটার এন্ড স্যানিটেশন কর্মসূচী | ০১ | ০১ | ০২ | - | - | - | ০১ | ০১ | ০২ |
| ০৩ | উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা | ০৩ | ৩৭ | ৪০ | - | - | - | ০৩ | ৩৭ | ৪০ |
| ০৪ | প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং আয় বর্দ্ধন | - | - | - | ০২ | ০২ | ০৪ | ০২ | ০২ | ০৪ |
| ০৫ | দাতব্য চিকিৎসালয় পরিচালন | - | ০২ | ০২ | - | - | - | - | ০২ | ০২ |
| ০৬ | গৃহায়ন কর্মসূচী | ০১ | - | ০১ | - | - | - | ০১ | - | ০১ |
| | মোট | ০৮ | ৪৫ | ৫৩ | ০২ | ০২ | ০৪ | ১০ | ৪৭ | ৫৭ |

### বর্তমান দাতা সংস্থার নাম ও কার্যক্রম :

| ক্রমিক নং | দাতা সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ০১ | সংস্থা ও উপকারভোগী | সঞ্চয় ও দল গঠন |
| ০২ | পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন **(পিকেএসএফ)** এবং ওআরএ | ঋন দানের মাধ্যমে আয় ও কর্মসংস্থান সৃষ্টি |
| ০৩ | ব্র্যাক | উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা । |
| ০৪ | এনজিও ফোরাম ,ঢাকা। | ওয়াটার এন্ড স্যানিটেশন |
| ০৫ | বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন **(বিএনএফ)** | প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং আয় বর্দ্ধন |
| ০৬ | বাংলাদেশ ব্যাংক | গৃহায়ন কর্মসুচী |
| ০৭ | সমাজের দানশীল ব্যাক্তিদের সহায়তায় যাকাত ফান্ড | বিনা মূল্যে ঔষধ সহ চিকিৎসা সেবা প্রদান |

## কর্মসূচী ভিত্তিক পরিচিতি :

### ০১. দল গঠন ও সঞ্চয় কর্মসূচী:

ও,আর,এ তার মূল লক্ষ্যের উপর ভিত্তি করে দারিদ্রতা বিমোচন প্রচেষ্ঠা সমূহের যে বিষয়টি প্রাধান্য দিয়ে আসছে তা হলো দল সংগঠন। কেননা ও,আর,এ বিশ্বাস করে যে প্রতিটি মানুষেরই সৃষ্টিশীল প্রতিভাসমূহ সুপ্ত থাকে যা বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে ঐ সৃষ্টিশীল প্রতিভাসমূহ বিকশিত করতে পারা যায়। মানুষের সেই সুপ্ত প্রাতিভাকে বিকশিত করতে চাই সাংগঠনিক শক্তি। আর দল সংগঠনের মাধ্যমে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি পায় এবং পরস্পরের সৃষ্টিশীল ধারনা, বিশ্বাস, ক্ষমতা একত্রিত হয়ে একটি শক্তি সৃষ্টি হয়। দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে এই সহযোগিতার অভাবের ফলে তাদের উন্নতিকে বাধাগ্রস্থ করেছে, আর এ সুযোগে এক শ্রেনীর স্বার্থান্বেশী মহল তাদের শোষন করছে। এই স্বার্থান্বেশী মহল থেকে পরিত্রান পেতে হলে চাই সাংগঠনিক শক্তি। আর সেই সাংগঠনিক শক্তি বৃদ্ধি করতে প্রয়োজন অর্থের। কিন্তু সেই অর্থ আসবে কোথা থেকে ? গরীব মানুষের সেই অর্থ আসার একটি বড় উপায় হলো সঞ্চয়। তাই ও,আর,এ তার লক্ষিত জনগোষ্ঠীর মাঝে সঞ্চয়ের অভ্যাস করানোর মাধ্যমে এই তহবিল গঠনের প্রয়াস চালিয়ে যাচেছ।

#### ০১.ক:ডিসেম্বর ২০১৭ ইং পর্যন্ত দল গঠন ও দলীয় সদস্যদের সার্বিক তথ্য :

| ক্র.নং | শাখার নাম | দল গঠন | | | দলীয় সদস্য | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | মোট | পুরুষ | মহিলা | মোট |
| ০১ | কিশোরগঞ্জ | ১২ | ২৩ | ৩৫ | ১২৭ | ১৮১ | ৩০৮ |
| ০২ | করিমগঞ্জ | ২৮ | ১০৪ | ১৩২ | ৩০৭ | ১৫৮০ | ১৮৮৭ |
| | মোট | ৪০ | ১২৭ | ১৬৭ | ৪৩৪ | ১৭৬১ | ২১৯৫ |

#### ০১.খ: ডিসেম্বর-২০১৭ ইং পর্যন্ত সংগঠিত দল, দলীয় সদস্য ও সঞ্চয়ের তথ্য:

| ক্র:নং | বিবরন | পুরুষ | মহিলা | মোট | মোট সঞ্চয় |
|---|---|---|---|---|---|
| ০১ | দল গঠন | ৪০ | ১২৭ | ১৬৭ | ১৬,০২,৭৫৬.০০ |
| ০২ | দলীয় সদস্য | ৪৩৪ | ১৭৬১ | ২১৯৫ | |

#### ০১.গ: জানুয়ারী-২০১৭ ইং হতে ডিসেম্বর-২০১৭ পর্যন্ত সঞ্চয় ও ঋণ আদায়ের বিবরন:

| ক্র.নং | শাখার নাম | সঞ্চয় | | | ঋণ স্থিতি | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | আদায় | ফেরৎ | স্থিতি | বিতরন | আদায় | স্থিতি |
| ০১ | কিশোরগঞ্জ | ২৯৯৮৭০৯ | ১৯৩৪৬৬৭ | ১০৬৪০৪২ | ৩৪৯৫৭০০০ | ৩১৩৬৩৮৬১ | ৩৫৯৩১৩৯ |
| ০২ | করিমগঞ্জ | ৭৬৩৮৮২৮ | ৭১০০১১৪ | ৫৩৮৭১৪ | ৮৩৩৭৮২০০ | ৮৭১৩১০৮৯ | ৬২৪৭১১১ |
| | মোট | ১০৬৩৭৫৩৭ | ৯০৩৪৭৮১ | ১৬,০২,৭৫৬ | ১১৮৩৩৫২০০ | ১০৮৪৯৪৯৫০ | ৯৮,৪০,৩৫০ |

### ০২. ঋনদান কর্মসূচী:

ও,আর,এ- প্রাথমিক অবস্থায় দলীয় সদস্যদের সঞ্চয় থেকে সংগৃহীত অর্থের মাধ্যমে সংস্থার ঋনদান কর্মসূচী পরিচালনা করে আসছিল। পরবর্তীতে ১৯৯২ ইং সনের সেপ্টেম্বর মাসে পি,কে,এস,এফ-এর সহযোগী সংগঠন হিসেবে এনলিসটেড হয়ে পিকেএসএফ-এর অর্থায়নে অদ্যবদি ঋণ কার্যক্রম পরিচালনা করে আসছে। এ পর্যন্ত সংস্থা পিকেএসএফ থেকে ৩,৬১,৫০,০০০.০০ টাকা ঋন হিসেবে গ্রহণ করেছে।

পি,কে,এস,এফ এর আওতায় ঘুর্নায়মান তহবিল হিসাবে ডিসেম্বর - ২০১৭ ইং পর্যন্ত মোট ঋণ বিতরন করা হয়েছে এগারো কোটি তিরাশি লক্ষ পয়ত্রিশ হাজার দুইশত ( ১১,৮৩,৩৫,২০০.০০) টাকা এবং আদায় হয়েছে দশ কোটি

চুরাশি লক্ষ চুরানব্বই হাজার নয়শত পঞ্চাশ টাকা (১০,৮৪,৯৪,৯৫০.০০)  বর্তমানে মাঠ পর্যায়ে ঋণ স্থিতি আছে আটানব্বই  লক্ষ চল্লিশ হাজার তিনশত পঞ্চাশ  (৯৮,৪০,৩৫০.০০) টাকা।

### ০৩.নিরাপদ পানি ও স্বাস্থ্য সম্মত পায়খানা বিতরন :

#### ০৩.ক.স্বাস্থ্য সম্মত পায়খানা বিতরন:

স্বাস্থ্যই সকল সুখের মূল এটা সর্বজন স্বীকৃত। কিন্তু দেশের অধিকাংশ জনগোষ্ঠীর স্বাস্থ্য সচেতনতার অভাবে সারা বৎসর রোগাক্রান্ত হয়ে ভুগতে হয় তাদের। স্বাস্থ্য সচেতনতার অভাব দারিদ্রতার একটি অত্যন্ত গুরুত্বপূর্ন কারন হিসাবে বিবেচনা করা হয়ে থাকে। তাই সরকারী কর্মকান্ডের পাশাপাশি ও,আর,এ ১৯৯৩ সাল থেকেই প্রকল্প এলাকায় এনজিও ফোরাম ফর ড্রিংকং ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন এর আর্থিক ও কারিগরী সহায়তায় স্বাস্থ্য শিক্ষা কর্মসূচী চালিয়ে আসছে। স্বাস্থ্য শিক্ষার বিষয় গুলি হলোঃ

→ সকল কাজে নিরাপদ পানি ব্যবহার করা।

→ স্বাস্থ্য সম্মত পায়খানা তৈরী ও ব্যবহার করন।

→ ব্যক্তি স্বাস্থ্য ও পরিস্কার পরিচ্ছন্নতা।

#### ০৩.খঃ এ কাজ  গুলোর সঠিক বাস্তবায়ন কল্পে নিম্নোক্ত কাজ গুলো করা হয়: যেমন

- গ্রাম উন্নয়ন কমিটি মিটিং
- উঠান বৈঠক/দলীয় মিটিং
- স্কুল মিটিং
- ইমাম ওরিয়েন্টেশন

### ০৪. আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা:


#### ০৪.কঃ বিদ্যালয়বীহিন গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন:

শিক্ষা সর্বত্র মানুষের অধিকার হিসাবে স্বীকৃত।  বিশ্বব্যাপী শিক্ষার গুরুত্ব তুলে ধরা হচ্ছে , মানুষও ক্রমবর্ধমানভাবে তাতে আগ্রহ প্রকাশ করছে। বাংলাদেশের সংবিধানে সকল নাগরিকের জন্য শিক্ষা ‘মৌলিক অধিকার’ হিসেবে স্বীকৃত।  শিক্ষা প্রসারের সর্বাত্বক চেষ্টা একটি গণতান্ত্রিক উদ্যোগ হয়ে উঠতে পারে । এজন্য দরকার শিক্ষা নীতি ,পরিকল্পনা ও বাস্তবায়ন প্রক্রিয়ার গণতন্ত্রায়ন।  বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট , প্রাথমিক ও গন শিক্ষা মন্ত্রনালয় শিক্ষা ভবন, ঢাকা এর আর্থিক সহায়তায় কিশোরগঞ্জ জেলার অধীন করিমগঞ্জ উপজেলার জাফরাবাদ ইউনিয়নের বিদ্যালয় বিহীন গ্রাম মাঝিরকোনায় একটি ৭০ ফুট দীর্ঘ বারান্দা সহ চৌচালা টিনের ঘর তৈরী করা হয়। স্কুল গৃহটি ডিসেম্বর ২০০৪ ইং তারিখে সম্পন্ন করে বর্তমানে ১৫০ জন ছাত্র-ছাত্রী ও পাঁচ জন শিক্ষক শিক্ষিকা নিয়ে স্কুলটি প্রতিষ্ঠা কারী সংস্থা ও,আর,এ এবং উপজেলা শিক্ষা কর্মকতার্র সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে । স্কুলে লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যাবলীও নিয়মিত পরিচালনা করা হয় । বর্তমানে স্কুলটিকে জাতীয়করন করা হয়েছে।



পঞ্চম শ্রেণীর বিদায় অনুষ্ঠানে বক্তব্য রাখছেন স্কুলের সভাপতি এড. ফকির মোঃ মাজাহারুল ইসলাম পাশে উপবিষ্ট স্কুলের প্রধান শিক্ষক সারা ইসলাম

## ০৪.খ: উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা:



কিশোরগঞ্জ জেলার মাঝে করিমগঞ্জ উপজেলার বেশরি ভাগ এলাকাই হলো হাওর এলাকা। বর্তমানে কিশোরগঞ্জে সাক্ষরতার হার প্রায় ৬০%। এর মাঝে করিমগঞ্জের অবস্থা আরও করুন। যা হউক পিছিয়ে পড়া জন গোষ্ঠীর ছেলে মেয়েদের সাক্ষরতার হার বৃদ্ধির লক্ষ্যে ব্র্যাক এর সহায়তায় নভেম্বর-২০০৩ ইং হতে শুরু করে ডিসেম্বর-২০০৫ ইং তারিখ পর্যন্ত ১০ টি শিক্ষা কেন্দের মাধ্যমে ৩০০ জন এবং পরবর্তীতে পুনরায় জানুয়ারী ২০০৬ ইং তারিখ থেকে তিন বৎসর মেয়াদী ১০ টি শিক্ষা কেন্দ্রের মাধ্যমে ৩০০ জন ছাত্র ছাত্রী ডিসেম্বর-২০০৮ ইং তারিখ এবং EC-এর অর্থায়নে নভেম্বর-২০০৭ ইং থেকে ডিসেম্বর-২০১০ ইং পর্যন্ত সমাজে পিছিয়ে পড়া ছেলে মেয়েদের জন্য ৩৮ স্কুল অতি সফলতার সাথে কোর্স সম্পন্ন করে বর্তমানে তারা উচ্চতর ক্লাশে শিক্ষা চালিয়ে যাচ্ছে । বর্তমানে ব্র্যাক -এর সহায়তায় জানুয়ারী - ২০১৭ ইং তারিখ থেকে পুনরায় ৩০ টি উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কেন্দ্র এবং ওআরএ নিজস্ব ব্যবস্থাপনায় ০৭ টি প্রি প্রাইমারী চালু রয়েছে। নিম্নে স্কুলের তথ্য প্রদান করা হলো। উল্লেখ্য ২০১৭ ইং সন থেকে প্রাথমিক শিক্ষা কার্যক্রমটি পরিচালিত হচ্ছে শিক্ষার্থীদের টিউশান ফি আদায়ের মাধ্যমে, ব্র্যাক প্রশিক্ষন , ফলোআপ এবং মনিটরিং-এর দায়িত্বে নিয়োজিত আছে।

## ০৪.গ: ব্র্যাক-এর সহায়তায় পরিচালিত স্কুলের তথ্য:

| জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | কেন্দ্রের সংখ্যা | শিক্ষার্থীর সংখ্যা | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | | ছাত্র | ছাত্রী | |
| কিশোরগঞ্জ | করিমগঞ্জ | বারঘরিয়া | ০৬ | ৮২ | ৯৪ | ১৭৬ |
| | | নিয়ামতপুর | ০২ | ২৮ | ৩১ | ৫৯ |
| | | নোয়াবাদ | ১১ | ১৫৮ | ১৬২ | ৩২০ |
| | | জাফরাবাদ | ০১ | ১৪ | ১৫ | ২৯ |
| | | কাদির জঙ্গল | ০১ | ১০ | ২০ | ৩০ |
| | | জয়কা | ০৪ | ৫৫ | ৬৯ | ১২৪ |
| | | দেহুন্দা | ০২ | ২৫ | ৩৩ | ৫৮ |
| | | কিরাটন | ০১ | ১৪ | ১৪ | ২৮ |
| | | করিমগঞ্জ পৌরসভা | ০২ | ২৭ | ২৯ | ৫৬ |
| মোট | | ০৯ টি | ৩০ | ৪১৩ | ৪৬৭ | ৮৮০ |

## ০৪.ঘ: প্রি-প্রাইমারী (শিশু শ্রেনী):

| জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | কেন্দ্রের সংখ্যা | শিক্ষার্থীর সংখ্যা | | মোট |
|---|---|---|---|---|---|---|
| কিশোরগঞ্জ | করিমগঞ্জ | বারঘরিয়া | ০২ | ২৩ | ৩৬ | ৫৯ |
| | | নোয়াবাদ | ০১ | ১৪ | ১৩ | ২৭ |
| | | জয়কা | ০৩ | ৩৭ | ৪৩ | ৮০ |
| | | করিমগঞ্জ পৌরসভা | ০১ | ১০ | ১৪ | ২৪ |
| মোট | | ০৪ টি | ০৭ টি | ৮৪ | ১০৬ | ১৯০ |

## ০৫. প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং আয় বর্দ্ধন  কর্মসুচী :

ফেব্রুয়ারী-২০০৮ইং থেকে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় কিশোরগঞ্জ জেলার অধীন করিমগঞ্জ উপজেলার হাওর প্রবন সুতারপাড়া ইউনিয়নে অতি দরিদ্র ৩০০ জন মাদের নিয়ে এ কর্মসূচী চালু হয়ে ফেব্রুয়ারী-২০১০ ইং তারিখে প্রকল্পটির কাজ সমাপ্ত হয় । পরবর্তীতে  মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষা এবং এইচআইভি এইডস প্রতিরোধ কর্মসুচী  নামে ডিসেম্বর-২০১০ ইং তারিখ থেকে করিমগঞ্জ উপজেলার আওতায় সুতারপাড়া ইউনিয়নে প্রকল্পটি চালু হয়ে নভেম্বর-২০১২ ইং তারিখে প্রকল্পটি শেষ হয়। পরবর্তীতে  ৬ষ্ট পর্যায়ে  পুনরায় প্রাথমিক স্বাস্থ্য সেবা ও মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষা কর্মসুচীটি  চালু হয়ে ডিসেম্বের- ২০১৫ ইং তারিখে প্রকল্পটি শেষ হয়। পরবর্তীতে ৭ম পর্যায়ে ফেব্রুয়ারী -২০১৬ ইং সনে প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং আয় বর্দ্ধন কর্মসুচী শিরোনামে  চালু হয়ে জানুয়ারী-২০১৭ ইং সনে সমাপ্ত হয়।

### ০৫.ক:কর্মসূচীর লক্ষ্যঃ

লক্ষিত মাদের মাঝে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান এবং মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি সম্পর্কে সচেতনতা সৃষ্টির মাধ্যমে তাদের খাদ্যাভাস পরিবর্তন করে লক্ষিত জনগোষ্ঠীর স্বাস্থ্য পুষ্টির মান উন্নয়ন এবং কিছূ আয় ও কর্মসংস্থানের ব্যবস্থা করা ।

### ০৫.খ :কর্মসূচীর উদ্দেশ্য :


- মা ও শিশুদের পুষ্টি সম্পর্কে সচেনতা সৃষ্টি করা।
- ব্যক্তি স্বাস্থ্য ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন।
- লক্ষিত জনগোষ্ঠীর মাঝে শিক্ষা স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক সেশন পরিচালন।
- ত্রৈমাসিক ভিত্তিতে উপকারভেগীদের বিনা মূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ বিতরন।
- প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করে কর্মসূচী বাস্তবায়ন।
- আয় ও কর্ম সংস্থানের জন ০৭ টি পরিবারে ০৭টি সেলাই মেশিন বিতরন।
- ৩৫০ টি পরিবারে ফলের ও ঔষধি গাছের চারা বিতরন।

### ০৫.গঃ জানুয়ারী -২০১৭ ইং পর্যন্ত  কাজের অগ্রগতি :

| ক্র.নং | কাজের ধরন | ইউনিট সংখ্যা | সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | সাইন বোর্ড স্থাপন | ০১ টি | ০১ টি |
| ০২ | জরিপ করা | ০১ টি | ৩৫০ জন |
| ০৩ | কর্মী ও ভলান্টিয়ারদের মৌলিক প্রশিক্ষণ | ০১ টি | ০৬ জন |
| ০৪ | মাদের সাথে সেশন পরিচালন | ৭২ টি | ৩৫০ জন |
| ০৫ | প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান  ও ঔষধ বিতরন | ১২ টি | ৩৫০টি |
| ০৬ | ৪৫ দিন ব্যাপী দর্জ্জি প্রশিক্ষন প্রদান | ০১ টি | ০৭ জন |
| ০৭ | সাত জন উপকারভোগীকে ০৭ টি সেলাই মেশিন বিতরন | ০৭ টি | ০৭ জন |

## ০৬. স্বল্প আয়ের মানুষের জন্য গৃহায়ন কর্মসুচী :

প্রকল্প এলাকায় স্বল্প আয়ের মানুষের জন্য গৃহায়ন সমস্যা সমাধান কল্পে বাংলাদেশ ব্যাংক-এর গৃহায়ন কর্মসুচীর আর্থিক সহায়তায় গরীব মানুষদেরকে  ৩৫,০০০.০০ হাজার টাকার মধ্যে  ২২০ থেকে ২৪০ বর্গফুটের টিনের ঘর তৈরী করে দেয়া হচ্ছে । ঘরের সম্পূর্ন টাকা ৫% হারে সেবা মূল্য সহ সাপ্তাহিক কিস্তি ভিত্তিতে তিন বছরে ফেরৎ যোগ্য । প্রথম পর্বে ৫০ টি ঘর প্রদানের পর পুনরায় কর্ম এলাকায় গৃহ নির্মানের জন্য ৫৩ টি ঘরের বরাদ্ধ



বাংলাদেশ ব্যাংকের অর্থয়ানে পরিচালিতি গৃহায়ন কর্মসূচির কাজ তদারকি করছেন,
সংস্থার নির্বাহিক পরিচালক এড. ফকির মোঃ মাজাহারুল ইসলাম

প্রদান করা হয়েছে । এবারে প্রত্যেকটি ঘরের জন্য বরাদ্ধ দেয়া হয়েছে ৭০,০০০.০০ টাকা যার মধ্যে প্রতিটি পরিবারে একটি করে স্বাস্থ্য সম্মত পায়খানা করে দিতে হবে। ডিসেম্বর-২০১৭ ইং পর্যন্ত প্রকল্প এলাকায় ৩৫ টি ঘর সম্পন্ন করে পরবর্তী ঘরের টাকা ছাড় করনের জন্য আবেদন করা হয়েছে।

## ০৭.যাকাত তহবিল :

বিভিন্ন উন্নয়ন কর্মসূচী চালাতে যেয়ে ওআরএ প্রকৃত অর্থে পংগু , দুস্থ, এতিম এবং সমাজের হত দরিদ্রদের জন্য স্থায়ী ভাবে কোন কর্মসূচী চালু করতে পারেনি। এ উপলব্ধি থেকেই ওআরএ তার কর্ম এলাকায় সমাজের বিত্তবানদের কাছ থেকে যাকাত সংগ্রহ করে গরীব এতিম ছেলেমেয়েদের শিক্ষা এবং পংগু মানুষের জন্য আয় ও কর্মসংস্থান কল্পে কাজ শুরু করে। পরবর্তীতে তা আরও সম্প্রসারিত হয়ে ঘুর্নিঝড় সিডর-এ আক্রান্ত এলাকায় মানুষের সাহায্যার্থে কাজ করে। কিন্তু তা ক্ষণস্থায়ী। পরবর্তীতে অক্টোবর-২০০৮ ইং থেকে যাকাতের অর্থে স্থায়ীভাবে গরীব মানুষের বিনা মূল্যে চিকিৎসা সেবা প্রদান শুরু করে। প্রতি মাসে একবার মোবাইল ক্লিনিকের মাধ্যমে রামনগর গ্রামে এবং এক বার নানশ্রী গ্রামে বিনা মূল্যে ঔষধ সহ চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। এ কার্যক্রমটি কিশোরগঞ্জ জেলার অধীন করিমগঞ্জ উপজেলার জয়কা ইউনিয়নে পরিচালনা করা হচ্ছে।

## ০৮.প্রশিক্ষন:

জ্ঞান-বুদ্ধি ও সৃজনশীলতা সম্মিলিত জীব হলো মানুষ। মানুষের মাঝেই আছে সৃষ্টিশীল ক্ষমতা। কিন্তু দেখা যায় যে, এ সৃষ্টির ক্ষমতা কারও মাঝে সুপ্ত অবস্থায় থাকে আবার কারো মাঝে সৃষ্টির ক্ষমতা প্রকাশিত হলেও উপযুক্ত পরিবেশ বা ন্যুন্যতম সহায়তার অভাবে প্রসার লাভে বিঘ্ন ঘটে। তাই এ সৃজনশীলতা বিকাশের লক্ষ্যে প্রশিক্ষনের গুরূত্ব অপরিসীম। তাই ওআরএ তার নিজস্ব দক্ষ জনবলের মাধ্যমে কর্মী এবং উপকারভোগীদের বিভিন্ন ধরনের প্রশিক্ষন প্রদান করা হয়। নিম্নে প্রশিক্ষনের তথ্য প্রদান করা হলো:

### ০৮.ক: অনাবাসিক প্রশিক্ষন :

| ক্র.নং | প্রশিক্ষণের শিরোনাম | মেয়াদ কাল | প্রশিক্ষানার্থীর ধরণ | অংশগ্রহণকারীর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | মোট |
| ০১ | প্রি সার্ভিস ওরিয়েন্টেশন প্রশিক্ষন | ০৩ দিন | নতুন মাঠ কর্মী | ০২ | ০২ | ০৪ জন |
| ০২ | উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা রিফ্রেসার্স প্রশিক্ষণ | ১২ দিন (মাসে ১ দিন) | শিক্ষিকা বৃন্দ | ০৪ | ৩৭ | ৪১ জন |
| ০৩ | বকেয়া গ্রস্থ সমিতি পুন:গঠন বিষয়ক কর্মশালা | ০১ দিন | সমিতির নেতৃবৃন্দ | ১৪ | ০৪ | ১৮ জন |

## ০৯. উপসংহার:

অধিকার আদায় ও দায়িত্বশীল ভূমিকা পালনের ক্ষেত্রে সামর্থ্যতা অর্জনের মাধ্যমে সার্বিক উন্নয়ন কোন কথার কথা নয়। এটা একটি প্রক্রিয়ার ব্যাপারতো বটেই এবং সময়েরও ব্যাপার। তা ছাড়াও রয়েছে দেশের সরকার কর্তৃক গৃহীত নীতিমালা ও বাস্তবায়ন পদক্ষেপ। বিত্তহীনদের আজকের আর্থ-সামাজিক অবস্থা এবং তাদের অবস্থান যেমন একদিনে ঘটেনি, ঠিক তেমনি এ অবস্থান থেকে তাদের উত্তরণও স্বল্প সময়ের ব্যবধানে ঘটবে না। তবে আমাদের স্বস্ব অবস্থান থেকে দায়িত্বশীল ভূমিকা পালনের চেষ্ঠা করে যেতে হবে। বস্তুত পক্ষে পৃথিবীতে কোন চেষ্টাই আজ পর্যন্ত ব্যর্থ যায়নি, যদি না সে চেষ্টায় আন্তরিকতা ও অঙ্গীকারের ক্ষেত্রে কোন প্রকার অভাব না ঘটে। ও,আর,এ মনে করে যদি তাদের দাযিত্বশীল কর্মী বাহিনীকে নিয়ে তার কর্ম এলাকায় সংগঠিত দলীয় সদস্যদের নিয়ে আন্তরিকতার সাথে কাজ করে যায় তবে, জাতীয় উন্নয়নের ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখতে পারবে। ও,আর,এ প্রকৃত পক্ষে চায় সামর্থ্য অনুযায়ী লক্ষীত জনগোষ্ঠীর মাঝে অংশগ্রহণ ও অংশীদারিত্ব ভিত্তিক কর্ম প্রচেষ্ঠা বাস্তবায়নের মাধ্যমে জনগণের দায়িত্বশীল উন্নয়ন।

## সংস্থার সাধারন পরিষদের সদস্যবৃন্দের তালিকা

| ক্র.নং | নাম | ঠিকানা | পেশা |
|---|---|---|---|
| ০১ | মো: জালাল উদ্দীন | জেমিনী টেক্সটাইল রোড, গাইটাল, জেলা:কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ০২ | মো: আলী আকবর | গ্রাম: গুলবাগ,পো: পাড়া বালিয়া, উপজেলা করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ। | বেসরকারী চাকুরী |
| ০৩ | এ্যাড. ফকির মো: মাজহারুল ইসলাম | গ্রাম:রামনগর,পো:জয়কা,উপজেলা:করিমগঞ্জ, জেলা:কশোরগঞ্জ। | চাকুরী বেসরকারী |
| ০৪ | মো: আব্দুর রাজ্জাক | পিতা: আব্দুল আজিজ, গ্রাম: সালুয়া কান্দি, ইউ; নোয়াবাদ, করিমগঞ্জ, কিশোরগঞ্জ | অব:প্রাপ্ত সর:কর্মকর্তা |
| ০৫. | মোছা: শেলীনা আক্তার | গ্রাম: নানশ্রী,পো: নানশ্রী,উপজেলা: করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ | গৃহিনী |
| ০৬. | হাসিনা আক্তার | কাজী নজরুল ইসলাম রোড শোলাকিয়া, জেলা:কিশোরগঞ্জ | গৃহিনী |
| ০৭. | মো: শাহাবুদ্দিন | পিতা: মৃত মিয়া হুসেন, গ্রাম: জাল্লাবাদ, পো: জঙ্গলবাড়ী, করিমগঞ্জ,কিশোরগঞ্জ | অবসর প্রাপ্ত শিক্ষক |
| ০৮. | মো: মাহবুবুল আলম | গ্রাম:হাজীপুর,পো:মাথিয়া, উপজেলা+ জেলা:কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ০৯. | সাঈদা সুখায়না | গ্রাম: রামনগর, পো: জয়কা, উপজেলা:করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ | গৃহিনী |
| ১০. | মো: আজহারুল ইসলাম | গ্রাম: রামনগর,পো: জয়কা, উপজেলা:করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ১১. | মো: হুমায়ুন কবীর | গ্রাম: নানশ্রী, পো: জয়কা, উপজেলা:করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ | ব্যবসা |
| ১২. | মোছা: হোছনে আরা বেগম | গ্রাম: নানশ্রী, পো: নানশ্রী, উপজেলা:করিমগঞ্জ, জেলা: কিশোরগঞ্জ | গৃহিনী |
| ১৩. | মো: সুলতান মাহমুদ | গ্রাম: মহব্বতপুর,পো:জংগল বাড়ী, করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ | ব্যবসা |
| ১৪. | মো:মাহমুদুল হাছান হৃদয় | পিতা: মো: রইছ উদ্দীন, রামনগর, পো: জয়কা, উপজেলা: করিমগঞ্জ, কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ১৫. | মো: সিরাজুল হক | গ্রাম:দেহুন্দা,পো: দেহুন্দা, উপজেলা করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ। | বেসরকারী চাকুরী |
| ১৬. | মো: আসাদ উলাহ | গ্রাম: সিংগুয়া, পো:+ উপজেলা: করিমগঞ্জ, জেলা: কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ১৭. | মো: জহিরুল ইসলাম | গ্রাম: কিরাটন বিচারকান্দা, উপজেলা:করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ১৮. | মো: ইব্রাহীম | গ্রাম: কানাইনগর,পো:জয়কা,উপজেলা:করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ | কৃষি |
| ১৯. | মো: ওমর ফারুক | গ্রাম: পাটুয়া ভাংগা,পো: হুসেন্দী, উপজেলা পাকুন্দিয়া, জেলা: কিশোরগঞ্জ। | ব্যবসা |
| ২০. | মো: জয়নাল আবেদীন | গ্রাম: মথুরা পাড়া, পো: নানশ্রী, উপজেলা করিমগঞ্জ, জেলা: কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ২১. | মো: গোলাম মস্তফা | গ্রাম: নানশ্রী, পো: নানশ্রী, উপজেলা করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ২২. | মো: খাজেমুল ইসলাম খান | গ্রাম: গাংগাইল,পো: বৌলাই, উপজেলা করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ। | বেসরকারী চাকুরী |
| ২৩ | মো: রোকন উদ্দীন | গ্রাম: কলাবাগ, পো: জয়কা, উপজেলা:করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ। | ব্যবসা |

### সংস্থার কার্যকরী পরিষদের তালিকা:

| ক্র.ন | নাম | পদবী | ঠিকানা |
|---|---|---|---|
| ০১ | মো: আলী আকবর | সভাপতি | গ্রাম: গুলবাগ,পো: পাড়া বালিয়া, উপজেলা:করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ। |
| ০২ | মোছা: শেলীনা আক্তার | সহ-সভাপতি | গ্রাম: নানশ্রী, পো: নানশ্রী, উপজেলা: করিমগঞ্জ, জেলা: কিশোরগঞ্জ |
| ০৩ | এ্যাড. ফকির মো:মাজহারুল ইসলাম | সচিব | গ্রাম:রামনগর,পো:জয়কা,উপজেলা:করিমগঞ্জ, জেলা:কশোরগঞ্জ। |
| ০৪ | হাসিনা আক্তার | কোষাধক্ষ্য | কাজী নজরুল ইসলাম রোড শোলাকিয়া, জেলা:কিশোরগঞ্জ |
| ০৫ | মো: জালাল উদ্দীন | সদস্য | জেমিনী টেক্সটাইল রোড, গাইটাল, জেলা:কিশোরগঞ্জ। |
| ০৬ | মো: জয়নাল আবেদীন | সদস্য | গ্রাম: মথুরাপাড়া, পো: নানশ্রী, উপজেলা: করিমগঞ্জ, জেলা: কিশোরগঞ্জ |
| ০৭ | মো: হুমায়ুন কবীর | সদস্য | গ্রাম: নানশ্রী, পো: জয়কা, উপজেলা:করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ |

### সংস্থার দাতা সদস্যের নাম

| ক্রম. | নাম | ঠিকানা |
|---|---|---|
| ০১. | আলহাজ্ব ফকির মো:ইদ্রিস মাষ্টার | গ্রাম: রামনগর, পো: জয়কা, থানা: করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ |
| ০২. | আলহাজ্ব এ্যাড: মো:ছাইদুর রহমান | গ্রাম: নানশ্রী, পো: নানশ্রী, থানা: করিমগঞ্জ, জেলা: কিশোরগঞ্জ |
| ০৩. | এ্যাড. ফকির মো: মাজহারুল ইসলাম | গ্রাম: রামনগর, পো: জয়কা, থানা: করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ |
| ০৪. | বেগম জাহানারা সাঈদ | গ্রাম: নানশ্রী, পো: নানশ্রী, থানা: করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ |
| ০৫. | সাঈদা সোখায়না | গ্রাম: রামনগর, পো: জয়কা, থানা: করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ |
| ০৬. | আব্দুস সাত্তার মিয়াজী | গ্রাম: জংগল পুর, পো:তাড়াশাইল, চৌদ্দগ্রাম, কুমিলা। |
| ০৭. | মো: শফিকুল হক চৌধুরী | ব্যবস্থাপনা পরিচালক, আশা, ঢাকা |
| ০৮. | মোহাম্মদ আলী | গ্রাম:জংগল বাড়ী,পো: জংগল বাড়ী, করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ |
| ০৯ | মি. সুশীল কুমার রায় | ভাইস প্রেসিডেন্ট, আশা, ঢাকা। |
| ১০ | এস,এম মোর্শেদ | প্রশিক্ষন কর্মকর্তা, ওয়ার্লড ফুড প্রোগ্রাম, ঢাকা। |
| ১১ | এস মাহমুদ চৌধুরী | প্রশিক্ষন কর্মকর্তা, সেব দি চিল্ড্রেন, ঢাকা। |
| ১২ | শেলিনা আক্তার | গ্রাম: নানশ্রী,পো: নানশ্রী,উপজেলা: করিমগঞ্জ, কিশোরগঞ্জ |

# ও আর এ কর্তৃক বাস্তবায়িত কর্মসূচীর কিছু ছবি



প্রাথমিক স্বাস্থ্য সেবা কর্মসূচিতে অংশগ্রহণকারীদের স্বাস্থ্য পরীক্ষা ও ঔষধ বিতরণ করছেন সংস্থার প্যারামেডিক্স শাহনা আক্তার।



গৃহায়ন কর্মসূচীর কাজ পরিদর্শন করছেন সংস্থার নির্বাহী পরিচালক এ্যাড. ফকির মোঃ মাজহারুল ইসলাম।



করিমগঞ্জ উপজেলা যুব উন্নয়ন অফিস কর্তৃক আয়োজিত জাতীয় যুব দিবসের আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখছেন এ্যাড. ফকির মোঃ মাজহারুল ইসলাম।



প্রাথমিক স্বাস্থ্যসেবা কর্মসূচির উপকার ভোগীদের মাঝে ফলজ ও বনজ গাছের চারা বিতরণ করছেন সংস্থার প্রকল্প ব্যবস্থাপক মোঃ আজহারুল ইসলাম